# বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ

১৪১-১৪৩, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

বিশেষ নদী বিজ্ঞপ্তি নং-২১/২০২৩

তারিখঃ ২১/১২/২০২৩ইং।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, চাঁদপুর-মাওয়া ভায়া সুরেশ্বর (ভারত-বাংলাদেশ প্রটোকল রুট) নৌ-পথে সুষ্ঠু ও নিরাপদ দিবারাত্রীকালীন নৌযান পরিচালনা সুনিশ্চিত করার লক্ষ্যে নাইট নেভিগেশন চালু করা হয়েছ। ০৫টি লাইটেড বয়া, ০৬টি লাইটেড বিকনসহ প্রয়োজনীয় সংখ্যক মার্কা স্থাপন করা হয় যাহার অবস্থান ও স্থানসমূহ নিম্নরুপঃ

| ক্রঃ নং | নৌ-সহায়ক যন্ত্রপাতির নাম | স্থাপনকৃত এলাকার নাম | ভৌগলিক অবস্থান | ফ্লাস |
|---|---|---|---|---|
| ০১। | লাইটেড বয়া | চর আত্রা | ২৩°১৯.৪৬৪´ N ৯০°৩১.২৬২´ E | সবুজ |
| ০২। | লাইটেড বয়া | খেজুরতলা | ২৩°১৯.৫৯৫´ N ৯০°২৪.৭৪৮´ E | লাল |
| ০৩। | লাইটেড বয়া | বাবুরচর-১ | ২৩°১১.১২২´ N ৯০°২৪.২৪৪´ E | সবুজ |
| ০৪। | লাইটেড বয়া | বাবুরচর-২ | ২৩°২৬.১০৪´ N ৯০°২২.৮৯৪´ E | লাল |
| ০৫। | লাইটেড বয়া | লৌহজং টার্নিং | ২৩°২১.৯৬৫´ N ৯০°২৩.৬২২´ E | লাল |
| ০৬। | বিকোন | কাচিকাটা টেক | | সবুজ |
| ০৭। | বিকোন | কাচিকাটা বাজার | | সবুজ |
| ০৮। | বিকোন | সুরেশ্বর লঞ্চঘাট | | লাল |
| ০৯। | বিকোন | মুলফৎগঞ্জ লঞ্চঘাট | | লাল |
| ১০। | বিকোন | চিরারচর | | সবুজ |
| ১১। | বিকোন | ডহুরী নালার মুখ | | সবুজ |

এমতাবস্থায়, সংশ্লিষ্ট সকলকে মার্কিং কাজ সার্বক্ষনিক পর্যবেক্ষণ করাসহ কর্তৃপক্ষের পাইলট অনবোর্ড করতঃ IALA বয়েস/লাইট সিষ্টেম মেনে অভ্যন্তরীণ নৌ-চলাচল অধ্যাদেশ অনুযায়ী জাহাজ পরিচালনা করার জন্য পরামর্শ দেয়া যাচ্ছে।

- নির্ধারিত ড্রাফট নিয়ে কর্তৃপক্ষের পাইলটসহ বিশেষ সতর্কতার সাথে নৌ-যান পরিচালনা করুন।
- পথিমধ্যে স্থানীয় ঝড়ের আশংকা থাকলে নৌ-যান নিরাপদ স্থানে ভিড়িয়ে অপেক্ষা করুন।
- ঘূর্ণাবর্ত এলাকা পরিহার পূর্বক বিশেষ সতর্কতার সাথে নৌ-যান পরিচালনা করুন।
- দক্ষ নাবিক/ড্রাইভার দিয়ে নৌ-যান পরিচালনা করুন।

পরিচালক
নৌ-সওপ বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা।

নথি নং-১৮.১১.০০০০.৩৮২.৩৪.০০২.১৯/ তারিখঃ ২১/১২/২০২৩ইং।

**বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ**
**১৪১-১৪৩, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।**

**নৌ-সংরক্ষণ ও পরিচালন বিভাগ**

নথি নং-১৮.১১.০০০০.৩৮২.৩৪.০০২.১৯/ তারিখঃ ৩০/০১/২০২৪ইং।

পরিচালক
নৌ-নিরাপত্তা ও ট্রাফিক ব্যবস্থাপনা বিভাগ
বিআইডব্লিউটিএ
ঢাকা।

**বিষয়ঃ আগামী ০২-০৪ ফেব্রুয়ারী'২০২৪ এবং ০৯-১১ ফেব্রুয়ারী'২০২৪খ্রিঃ পর্যন্ত টঙ্গীতে অনুষ্ঠিতব্য বিশ্ব ইজতেমা উপলক্ষ্যে যাত্রিবাহী নৌযান নিরাপদে চলাচলের রাখার লক্ষ্যে জাতীয় পত্রিকা ও টিভিতে প্রচার প্রসঙ্গে।**

**সূত্রঃ স্মারক নং-১৮.১১.০০০০০০০.১২৩.২৩.০০১.১৯/১১৩, তারিখঃ ২৮/০১/২০২৪ইং।**

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থিত পত্রের আলোকে জানানো যাচ্ছে যে, আগামী ০২-০৪ ফেব্রুয়ারী'২০২৪ এবং ০৯-১১ ফেব্রুয়ারী'২০২৪খ্রিঃ পর্যন্ত দুই পর্বে অনুষ্ঠিতব্য বিশ্ব ইজতেমা'২০২৪ গাজীপুরের টঙ্গীতে অনুষ্ঠিত হবে। উক্ত বিইজতেমা উপলক্ষ্যে অনাকাঙ্খিত নৌদুর্ঘটনা রোধকল্পে লঞ্চে/নৌযানে ঝুঁকিপূর্ণভাবে যাত্রী পরিবহন, ধারণ ক্ষমতার অতিরিক্ত যাত্রি বহন, যাত্রিবাহী লঞ্চে/নৌযানের মালামাল পরিবহন রোধকরণ বিষয়ে সংশ্লিষ্টদের সহায়তা প্রদানের জন্য ৪টি জাতীয় পত্রিকা এবং টেলিভিশন চ্যানেলের স্ক্রুলে বিষয়টি উপস্থাপনের নিমিত্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**( মোঃ আব্দুস ছালাম )**
অতিরিক্ত পরিচালক (নৌ-পথ)
নৌ-সওপ বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা।

**বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ**
**১৪১-১৪৩, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।**

বিশেষ নদী বিজ্ঞপ্তি নং-০১/২০২৪

তারিখঃ ০৭/০২/২০২৪ইং।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গতকাল ০৬/০২/২৪ইং তারিখে সন্ধ্যা আনুমানিক ১৯.০০ ঘটিকায় গাবখান ক্যানেলের সেরাংগেল বাজার সংলগ্ন স্থানে খুলনা হতে বরিশালের দিকে আসার সময় এমভি মারিয়া রহমান-৩ (এম নং ২৬০৬৩) খালী কোস্টারটি অপরদিক অর্থাৎ ঝালকাঠি হতে কাউখালীর দিকে যাত্রাকারী ৯৪০০ বস্তা সিমেন্ট বোঝাই বাল্কহেড নূরে মদিনা-কে ধাক্কা দেয়। এতে উক্ত স্থানে ২২°৩৯.৫০৬' নর্থ ৯০°০৮.৭৮২' ইষ্ট অবস্থানে বাল্কহেডটি ডুবে যায়। বাল্কহেড ডুবার স্থানটি জিআরপি বয়া দ্বারা মার্কিং করা হয়েছে। এছাড়াও নেভিগেবল চ্যানেলটি আয়রন ও বাঁশের মার্কা দ্বারা মার্কিং করা হয়েছে। ঝালকাঠি হতে কাউখালী যাওয়ার পথে উক্ত ডুবার বামপার্শ্বে বর্তমানে শেষ ভাটায় চ্যানেলের প্রস্থ প্রায় ২১০ফুট।

এমতাবস্থায় ডুবন্ত বাল্কহেডটির উত্তোলন কাজ সমাপ্ত না হওয়া পর্যন্ত গাবখান ক্যানেলে একমুখী জাহাজ চলাচল এবং ডুবার স্থান অতিক্রম করার সময় কর্তৃপক্ষের পাইলট নিয়ে ধীর গতিতে সীমিত ড্রাফট বজায় রেখে সাবধানে জাহাজ পরিচালনা করার জন্য পরামর্শ দেয়া যাচ্ছে।

- নির্ধারিত ড্রাফট নিয়ে কর্তৃপক্ষের পাইলটসহ বিশেষ সতর্কতার সাথে নৌ-যান পরিচালনা করুন।
- পথিমধ্যে স্থানীয় ঝড়ের আশংকা থাকলে নৌ-যান নিরাপদ স্থানে ভিড়িয়ে অপেক্ষা করুন।
- ঘূর্ণাবর্ত এলাকা পরিহার পূর্বক বিশেষ সতর্কতার সাথে নৌ-যান পরিচালনা করুন।
- দক্ষ নাবিক/ড্রাইভার দিয়ে নৌ-যান পরিচালনা করুন।

পরিচালক
নৌ-সওপ বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা।

নথি নং-১৮.১১.০০০০.৩৮২.৩৪.০০২.১৯/ তারিখঃ ০৭/০২/২০২৩ইং।

এ বিষয়ে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য একটি বিশেষ নৌ-সতর্কীকরণ বিজ্ঞপ্তি জারী করা যেতে পারে।

উপরোক্ত বর্ণনার আলোকে একটি বিশেষ নৌ-সতর্কীকরণ বিজ্ঞপ্তি জারী করনের নিমিত্তে খসড়া পত্র সদয় অনুমোদনের জন্য নথিটি সদস্য (পরিঃ ও পরিঃ) মহোদয়ের মাধ্যমে কর্তৃপক্ষের চেয়ারম্যান মহোদয় বরাবরে প্রেরণ করা যেতে পারে।

## বিশেষ নদী বিজ্ঞপ্তি নং-০১/২০২৪

তারিখঃ ০৭/০২/২০২৪ইং।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গত ০৬/০২/২৪ইং তারিখে আনুমানিক সন্ধ্যা ১৯.০০ ঘটিকার সময় গাবখান ক্যানেলের সেরাংগেল বাজার সংলগ্ন স্থানে খুলনা হতে বরিশালের দিকে আগত "এমভি মারিয়া রহমান-৩ (এম নং ২৬০৬৩)" খালী নৌ-যানটি অপরদিক থেকে আসা অর্থাৎ ঝালকাঠি হতে কাউখালীর দিকে যাত্রাকারী বাল্কহেড (৯৪০০ বস্তা সিমেন্ট বোঝাইকারী) "নূরে মদিনা" -কে ধাক্কা দেয়। উক্ত কারণে নৌ-যানটি ("নূরে মদিনা") ২২°৩৯.৫০৬' নর্থ ৯০°০৮.৭৮২' ইষ্ট অবস্থানে ডুবে যায়। নিরাপদ নৌ-চলাচলের লক্ষে উক্ত বাল্কহেড ("নূরে মদিনা") ডুবার স্থানে জিআরপি বয়া এবং বিভিন্ন ধরনের আয়রন মার্কা ও বাঁশের মার্কা দ্বারা মার্কিং করা হয়েছে। এছাড়াও ঝালকাঠি হতে কাউখালী যাওয়ার পথে উক্ত ডুবন্ত নৌ-যানটি হাতের বামে থাকবে। বর্তমানে ভাটার সময় উক্ত চ্যানেলের প্রস্থ প্রায় ২১০ ফুট রয়েছে।

এমতাবস্থায়, নিরাপদ নৌ-চলালের স্বার্থে ডুবন্ত বাল্কহেডটির উত্তোলন কাজ সমাপ্ত না হওয়া পর্যন্ত গাবখান ক্যানেলে একমুখী জাহাজ চলাচলসহ ডুবন্ত নৌ-যানের স্থান অতিক্রম করার সময় কর্তৃপক্ষের পাইলট নিয়ে ধীর গতিতে সর্তকর্তার সাথে নৌ-যান পরিচালনা করার জন্য পরামর্শ দেয়া যাচ্ছে।

- নির্ধারিত ড্রাফট নিয়ে কর্তৃপক্ষের পাইলটসহ বিশেষ সতর্কতার সাথে নৌ-যান পরিচালনা করুন।
- দক্ষ নাবিক/ড্রাইভার দিয়ে নৌ-যান পরিচালনা করুন।
- কুয়াশা/দুর্যোগপূর্ণ আবহাওয়ার আশংকা থাকলে নৌ-যান নিরাপদ স্থানে ভিড়িয়ে বিশেষ সতর্কতা (বাতি জ্বালানো, Fog Signal ও Bell বাজানো) অবলম্বন করুন।